



১১ ফাল্গুন ১৪৩২

DU in Media

24 February 2026

The country Today



DU Graphic Design Department 'Annual Art Exhibition' begins

DU Correspondent

The annual art exhibition of the Department of Graphic Design of Dhaka University has started today, Monday at Zainul Gallery. Dhaka University Pro-Vice Chancellor (Adminin) Prof. Dr. Saima Haque Bidisha inaugurated the exhibition as the chief guest.

The inaugural ceremony was presided over by Departmental Chairperson Dr. Bhadreshu Rita, Dean of the Faculty of Fine Arts Prof. Dr. Md. Azharul Islam Sheikh and artist Kamrul Hasan's daughter Sumna Hasan spoke as special guests. Associate Prof

Continued to page 2

DU Graphic Design

Dr. Farzana Ahmed delivered the welcome speech. 3rd year student Shanila Shabnam and 4th year student Rayyan Kayes conducted the program. Faculty teachers and students were present at the event.

14 students were awarded in various categories for the best artworks that participated in the art exhibition. The awardees are - BFA first year student SM Mahmudul Hasan (Syed Ali Azam Memorial Award), BFA second year student Durjoy Goswami (Khaja Shafique Ahmed Memorial Award), BFA third year student Abdullah Al Manik (Samarjit Roy Chowdhury Memorial Award), BFA fourth year student Antar Kumar Biswas (Qayyum Chowdhury Memorial Award).



DU in Media

24 February 2026

১১ ফাল্গুন ১৪৩২

খবর ৭১.কম

ঢাবি গ্রাফিক ডিজাইন বিভাগের 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী' শুরু

জামাআতুল ফেরদৌস প্রেমি ২৮ ফেব্রুয়ারি ২০২৬ ১৩:০০



ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রাফিক ডিজাইন বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী আজ সোমবার জয়নুল গ্যালারিতে শুরু হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদা হক বিনিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন।

বিভাগীয় চেয়ারপারসন ড. ভাস্কর সীতার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে চারকলা অনুষ্ঠদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ ও শিল্পী কামরুল হাসানের কন্যা সুমনা হাসান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সহযোগী অধ্যাপক ড. ফারজানা আহমেদ স্বাগত বক্তব্য দেন।

৩য় বর্ষের শিক্ষার্থী শানীলা শাবনাম ও ৪র্থ বর্ষের শিক্ষার্থী রাইছান কয়েস অনুষ্ঠানটি সম্বাদন করেন।

এ সময় অনুষ্ঠদের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

শিল্পকর্ম প্রদর্শনীতে অংশগ্রহণকারী সেরা শিল্পকর্মের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে ১৪ জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়।

পুরস্কার প্রাপ্তরা হলেন— বিএফএ প্রথম বর্ষের এস.এম. মাহমুদুল হাসান (সৈয়দ আলী আজম স্বৃতি পুরস্কার), বিএফএ দ্বিতীয় বর্ষের দুর্জয় গোহামী (খাজা শফিক আহমেদ স্বৃতি পুরস্কার), বিএফএ তৃতীয় বর্ষের আবদুল্লাহ আল মানিক (সমরজিৎ রায় চৌধুরী স্বৃতি পুরস্কার), বিএফএ চতুর্থ বর্ষের অস্তর কুমার বিশ্বাস (কাইয়াম চৌধুরী স্বৃতি পুরস্কার)।

শ্রেণি পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থীরা হলেন— আল আলিক দিপু (এমএফএ ২য় পর্ব), রওশন জাহান (এমএফএ ১ম পর্ব), মোছা. মিথিলা ফারজানা (বিএফএ ৪র্থ বর্ষ), শানীলা শাবনাম (বিএফএ ৩য় বর্ষ), ইরিন জাহান অন্তরা (বিএফএ ২য় বর্ষ) ও দীপ্ত আচার্য (বিএফএ ১ম বর্ষ)।

নিরীক্ষামূলক শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন এমএফএ ২য় পর্বের শিক্ষার্থী রাহাত ভূঁইয়া।

বিভাগীয় শ্রেষ্ঠ পুরস্কার পেয়েছেন বিএফএ চতুর্থ বর্ষের সজীব জোয়ার্দার।

কামরুল হাসান স্বর্ণপদক লাভ করেছেন বিএফএ চতুর্থ বর্ষের শিক্ষার্থী সদয় কর্মকার।

করেন।

উল্লেখ্য, শিল্পকর্ম প্রদর্শনী আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। প্রতিদিন সকাল ১০ থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রদর্শনী খোলা থাকবে।



১১ ফাল্গুন ১৪৩২

DU in Media

24 February 2026

আমাদের সময়

সাহিত্য



মোহন রায়হান নাসিমা আনিস মৈদন আজিজুল হক হাসান হাফিজ



আলী আহমদ মুজাক্কা মজিন ইসরাইল খান ফারদীন আলম চৌধুরী মঈনুল হাসান

বাংলা একাডেমি পুরস্কার পেলেন ৯ জন

সাহিত্যিক প্রতিবেদক •

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার-২০২৫ ঘোষণা করা হয়েছে। গতকাল সোমবার ২০২৫ সালের পুরস্কারের জন্য একাডেমির জনসংযোগ বিভাগ এক নিবন্ধিত পুরস্কারপ্রাপ্তদের তালিকা প্রকাশ করে। কবিতা, কথাসাহিত্য, গ্রন্থ বা গদ্য, শিশুসাহিত্য, অনুবাদ, গবেষণা, বিজ্ঞান ও মুক্তিযুদ্ধ- মোট ৯টি শাখায় ৯ জনের নাম এসেছে।

বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম বাফরিত্ত সংবাদ বিজ্ঞপ্তিতে বলে দিয়েছেন, আসন্ন অমর একুশে বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে ২৬ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী তারেক রহমান বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেবেন।

পুরস্কারপ্রাপ্তরা হলেন- কবিতায় জাতীয় কবিতা পরিষদের সভাপতি কবি মোহন রায়হান, কথাসাহিত্যে নাসিমা আনিস। তিনি তৃতীয় লিঙ্গের জীবনচিত্র ও সামাজিক মনস্তাত্ত্বিক লেখার জন্য পরিচিত। গ্রন্থ-গদ্যে অধ্যাপক মৈদন আজিজুল হক। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা ইনস্টিটিউট ও বাংলা বিভাগে শিক্ষকতা করেছেন।

শিশুসাহিত্যে কবি হাসান হাফিজ। তিনি প্রবীণ সাংবাদিক এবং জাতীয় প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক কালের কণ্ঠের সম্পাদক। অনুবাদে- আলী আহমদ। তিনি বাংলা-ইংরেজি উভয় দ্বারায় প্রায় তিন দশক ধরে অনুবাদ ও সমালোচনা সাহিত্যে যুক্ত। গবেষণায়- মুজাক্কা মজিন। তিনি মার্কসবাদ-লেনিনবাদী চিন্তায় প্রভাবিত লেখক। এ ছাড়া গবেষণায় ইসরাইল খান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে মুসলিম সাময়িকপত্র নিয়ে গবেষণায় রত। বিজ্ঞানে ফারদীন আলম চৌধুরী। তিনি বিজ্ঞান বিষয়ে লেখালেখির জন্য বাংলা একাডেমি 'হালিমা-শরফুদ্দিন' পুরস্কারপ্রাপ্ত। মুক্তিযুদ্ধে- মঈনুল হাসান। তিনি একজন লেখক এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক।

বাংলা একাডেমির মহাপরিচালক মোহাম্মদ আজম বলেন, প্রচারক কমিটির সুপারিশ ও সাহিত্য পুরস্কার কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে একাডেমি নির্বাহী পরিষদ আনুষ্ঠানিকভাবে এই তালিকা অনুমোদন করেছে।



১১ ফাল্গুন ১৪৩২

DU in Media

24 February 2026

জনকণ্ঠ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের বটতলা প্রাঙ্গণে ব্যতিক্রমী বসন্ত উৎসব

উপভোগ্য বসন্তবরণ



গত মঙ্গলবার, অর্থাৎ রোজা স্তরুর দুদিন আগে অনুষ্ঠিত হয়েছিল এ বসন্ত উৎসব। সাধারণত উৎসবে আমরা দেখি মঞ্চে আবৃত্তি, নৃত্য বা সংগীত পরিবেশিত হয়ে চলেছে।

সামনে দর্শক-শ্রোতারা সেসব শুনছেন দেখছেন। কিন্তু নাচগানের খালে নিজেরাই নেচে নেচে গাইছেন, দল ধরে গোল হয়ে হাতে হাত রেখে আনন্দে মাতছেন, এমনটা খুবই ব্যতিক্রমী। আর এই ব্যতিক্রমী দৃশ্যই দেখা গেল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের বটতলা প্রাঙ্গণে। সমগীতের সৌজন্যে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকার দুয়েকটি বিশ্ববিদ্যালয় ও কলেজের নারী শিক্ষকরা যোগ দিয়েছিলেন এই বসন্ত উৎসবে। শিক্ষার্থীদের মতো তারাও হাতে হাত ধরে গোল হয়ে নেচেছেন মঞ্চে পরিবেশিত গানের সঙ্গে, গানেও গলা মিলিয়েছেন। এটাই প্রাণের স্মৃতি।